# The Magic of Freehand Writing

রাইটিং শেখার কমপ্লিট বই



Written by
Dr. Nazmul Islam Noman



ডাঃ নাজমুল ইসলাম নোমান সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলায় জন্মগ্রহণ করেন। ছাত্রজীবন থেকেই তিনি অত্যন্ত মেধাবী, বই পড়ুয়া এবং ভাষা প্রেমী ছিলেন। পড়ালেখা করেছেন বিজ্ঞান বিভাগ থেকে। সরকারি আকবর আলী কলেজ, উল্লাপাড়া থেকে HSC এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আয়ুর্বেদিক চিকিৎসা বিজ্ঞানের ওপর BAMS ডিগ্রি অর্জন করেন। তারপর ইসলামিক ইউনিভার্সিটি, কুষ্টিয়া (IUK) থেকে Food & Nutrition-এ পোস্ট গ্রাজুয়েশন করেন।

বিদেশী ভাষার প্রতি প্রবল আগ্রহ থেকে তিনি ইংরেজি ভাষা শিক্ষা করেন। ঢাকায় গ্রাজুয়েশন করার পাশাপাশি তিনি দেশের নামকরা প্রতিষ্ঠান Saifur's থেকে Spoken English, Phonetics এবং IELTS কোর্স করেন। FM Method থেকে করেন Freehand Writing কোর্স। এছাড়াও অনলাইন থেকে তিনি ইংরেজি ভাষার ওপর আরো অনেকগুলো দেশি-বিদেশি কোর্স করেছেন।

Job প্রস্তুতির সময় তিনি টাঙ্গাইলের শাহীন ক্যাডেট কোচিং-এ Spoken English Teacher & Teachers' Trainer হিসেবে যোগদান করেন। এ সময় তিনি ইংরেজিতে Story ও Jokes লিখে, Debate করিয়ে এবং কয়েকটি Short English Drama লিখে খুবি প্রশংসিত হন। তিনি এক সময় ব্রাক, বিদেশগামীদের ভাষা ও প্রশিক্ষণ কেন্দ্রে (প্রজেক্ট নং # ৫৭৯) 'ইংরেজি ভাষার প্রশিক্ষক' হিসেবেও কাজ করেছেন। তারপর তিনি Saifur's Private Ltd. এর সিরাজগঞ্জ শাখায় IELTS Instructor হিসেবে যোগদান করেন।

বর্তমানে তিনি সিরাজগঞ্জ সদর হাসপাতালে আয়ুর্বেদিক Medical Officer হিসেবে কর্মরত আছেন।

প্রচ্ছদ । মুহাম্মদ ইউছুফ

# Table of Contents


| Topics | Pages |
|---|---|
| ➢ প্রাসঙ্গিক আলোচনা (Relevant Discussion) | 9 |
| ▪ Freehand Writing কি ও কেন? | 9 |
| ▪ Freehand এর মূল Magic!! | 10 |
| ▪ বইটি যেভাবে পড়বেন। | 11 |
| ➢ **Chapter–01 :** Grammar for Writing | 13 |

➢ **Chapter–02 :** Paragraph Writing -------------- 43

| **Level-01 (Basic Level)** | | |
|---|---|---|
| **Lesson** | **Contents** | **Pages** |
| 01 | Be verb এর ব্যবহার | 45 |
| 02 | Have verb এর ব্যবহার | 54 |
| 03 | There এবং It এর ব্যবহার | 65 |
| ▪ Magic Technique of Writing | | 74 |
| ▪ List of Paragraphs (অনুচ্ছেদের তালিকা) | | 74 |
| ▪ Idea Development (চিন্তাশক্তির উন্নয়ন) | | 76 |
| ▪ Exercise (অনুশীলন) | | 76 |

| Level-02 (Standard Level) | | |
|---|---|---|
| 04 | Simple Tense এর ব্যবহার | 87 |
| 05 | Continuous Tense এর ব্যবহার | 100 |
| 06 | Perfect Tense এর ব্যবহার | 109 |
| 07 | Sentence বড় করার Magic | 115 |
| 08 | Modal Verb এর ব্যবহার | 126 |
| 09 | Preposition এর ব্যবহার | 135 |
| 10 | Conjunction এর ব্যবহার | 153 |
| ▪ Magic Technique of Writing | | 168 |
| ▪ List of Paragraphs (অনুচ্ছেদের তালিকা) | | 169 |
| ▪ Idea Development (চিন্তাশক্তির উন্নয়ন) | | 170 |
| ▪ Exercise (অনুশীলন) | | 170 |
| **Level-03 (Advanced Level)** | | |
| 11 | Imperative Sentence এর ব্যবহার | 178 |
| 12 | Obligation এর ব্যবহার | 189 |
| 13 | Comparison of Adjectives (Degree) | 194 |
| 14 | Passive Voice এর ব্যবহার | 204 |
| 15 | Causative and Others | 216 |
| ▪ Magic Technique of Writing | | 231 |
| ▪ List of Paragraphs (অনুচ্ছেদের তালিকা) | | 231 |
| ▪ Idea Development (চিন্তাশক্তির উন্নয়ন) | | 232 |
| ▪ Exercise (অনুশীলন) | | 232 |

| | |
|---|---|
| ➤ Advanced Exercise | 237 |
| ▪ List of Paragraphs (অনুচ্ছেদের তালিকা) | 238 |
| ▪ Idea Development (চিন্তাশক্তির উন্নয়ন) | 239 |
| ▪ Exercise (অনুশীলন) | 240 |

➤ **Chapter–03 :** Shortcut Way of Writing ------ 243

➤ **Chapter–04 :** Dialogue Writing --------------- 253

➤ **Chapter–05 :** Letter এবং E-mail Writing ---- 265

➤ **Chapter–06 :** Application Writing ------------ 377

➤ **Chapter–07 :** Vocabulary --------------------- 283

| Si. No. | Contents | Pages |
|---|---|---|
| 01 | Selected Daily Words (1200) | 283 |
| 02 | Essential Adjectives (100) | 314 |
| 03 | Selected Verbs (550) | 318 |
| 04 | Newspaper Words (350) | 341 |
| 05 | Idioms & Phrases (200) | 356 |

➤ **Chapter–08 :** Composition Writing ---------- 365

➤ **Chapter–09 :** Story Writing ------------------ 375

➤ **Chapter–10 :** IELTS Writing Task ----------- 387

➤ **Chapter–11 :** Freehand for Jobs

▪ BCS Written English ------------------------- 389

▪ For Other Jobs -------------------------------- 390

# প্রাসঙ্গিক আলোচনা
# (Relevant Discussion)

বলুন তো, আপনার রোগ হলে কি করেন? নিশ্চয় একজন অভিজ্ঞ চিকিৎসকের কাছে যান। চিকিৎসক আপনার Problem অনুসারে Medication বা Solution দেন। সমস্যা কম হলে ২-৩ সপ্তাহের ঔষধ দেন এবং বেশি হলে ২-৩ মাসের ঔষধ পর্যন্ত দিয়ে থাকেন। প্রয়োজনে জরুরি বিভাগে ভর্তি করেন। শুধু ভাই নয়, ঔষধ সেবনের পাশাপাশি কিছু বিধি-নিষেধও দিয়ে দেন।

ইংরেজি শেখার বিষয়টিও ঠিক এরকম। আপনি যেহেতু একজন Language Doctor এর কাছে এসেছেন সেহেতু আপনাকে তার Prescription Follow করে নির্দিষ্ট সময় পর্যন্ত Medication নিতে হবে এবং পাশাপাশি কিছু বিধি-নিষেধও মেনে চলতে হবে।

আপনার ইচ্ছামত চিকিৎসা নিলে হবে না। মনে রাখবেন, আপাতত বা আংশিক চিকিৎসা বলে কিছু নেই। আপনাকে অবশ্যই Doctor কে সম্পূর্ণভাবে মেনে চলতে হবে। তবেই কাংক্ষিত ফলাফল পাবেন।

একইভাবে, ভাষা শেখার বিষয়টিও প্রায় একই রকম!!

## ➤ Freehand Writing কি ও কেন?!

সাধারণ অর্থে Freehand মানে মুক্তহস্ত, খালি হাত বা ইচ্ছামত এবং Writing মানে লেখা।

অর্থাৎ কোনো Topic বা বিষয়কে মুখস্থ না করে মুক্তহস্তে বা ইচ্ছামত লেখার যোগ্যতাকে Freehand Writing বলে।

আচ্ছা! বাংলাদেশের একাডেমিক সিলেবাস বারবার পরিবর্তনের কারণ কি জানেন? হয়তো অনেকেই জানেন না। এটার প্রধান কারণ হলো, সৃজনশীল মানষিকতায় বিকাশ! অর্থাৎ ছাত্র-ছাত্রীরা যাতে মুখস্থ না করে কোনো বিষয়ের ওপর Just ধারণা নিয়ে বানিয়ে লিখতে পারে। আর ইংরেজি বিষয়ের সৃজনশীলতাই হলো Freehand Writing.

কিন্তু দুঃখজনক হলেও সত্য যে, আজো এদেশের প্রায় 95% ছাত্র-ছাত্রী Freehand-এ লিখতে পারে না বরং তারা Paragraph, Email, Letter, Application, Dialague, Composition, Story Writing প্রভৃতি বিষয়গুলো না বুঝে মুখস্থ করে। ফলে পরীক্ষায় কমোন না পড়লে যেমন ফলাফল খারাপ হয় তেমনি তাদের মেধাও অংকুরেই নষ্ট হয়ে যায়। পরবর্তিতে তারা চাকরির বাজারে গিয়েও চরম বিপাকে পরে। আসলে আমাদের একাডেমিক সিলেবাসে Freehand-এ লেখার বিষয়ে তেমন কোনো Guideline নেই এবং বাজারে এ বিষয়ে ভালোমানের কোনো বইও নেই! ফলে, শত ব্যস্ততার মাঝেও আমাকে The Magic of Freehand Writing বইটি লিখতে হলো।

### ➤ Freehand Writing -এর মূল Magic!!

অনেকেই মনে করে Freehand-এ লেখা খুবি কঠিন একটা বিষয়! কিন্তু, বাস্তবতা হলো, Freehand Writing মৌখিক ইংরেজির (Spoken English) চেয়ে অনেক অনেক সহজ। কেননা Spoken English হয় প্রধানত Assertive এবং Interrogative Sentence এর মধ্যে। কিন্তু Freehand Writing -এ শুধু এবং শুধুই Assertive Sentence ব্যবহার করা হয়, (Except : Dialogues)।

কি অবাক হলেন?!

হ্যাঁ, অবাক হওয়ারই কথা। কারণ এ সহজ কথাটি হয়তো আপনি আজ পর্যন্ত কখনো শোনেননি অথবা ভাবেননি!! যাহোক, আরো অবাক করা বিষয় হলো, শুধু Simple Tense দিয়েই 70-80% টপিক বা বিষয় Freehand-এ লেখা যায়। তবে, ৫-৬টি Tense ভালোভাবে জানা থাকলে আরও ভাল হয়।

অবশেষে Saifur Rahman Khan স্যারের একটি কথা দিয়ে আপাতত শেষ করছি। তিনি বলেন, "তুমি ইংরেজিতে দুর্বল মানে এতদিন তুমি ভুল পদ্ধতিতে ইংরেজি শিখেছ"।

### ➤ বইটির বিশেষত্ব ....

নিশ্চিতভাবেই আমার এ বইটি Freehand Writing এর Revolution ঘটাতে যাচ্ছে, ইনশা-আল্লাহ। কেননা....

1. মুখস্থ না করে নিজে নিজে বানিয়ে লেখার জন্য এটা সবচেয়ে সহজ, ধারাবাহিক এবং Complete একটা বই।
2. বই আকারে প্রকাশের পূর্বে আমি এ Course টিকে অনেকবার Student দের ওপর Apply করেছি।
3. শুধু Assertive Sentence দিয়ে Freehand-এ লেখার ধারণা Freehand Writing এর একটি বিপ্লব।
4. এ বইটিতে প্রায় 2500 ভিন্নভিন্ন শব্দ ব্যবহার করা হয়েছে। সুতরাং আপনার Vocabulary Deficiency নিয়েও কোনা দুঃচিন্তা করতে হবে না।
5. অপ্রয়োজনীয় আলোচনা বর্জিত Scientific রিসার্চের আলোকে লেখা এ বইটি Freehand Writing এর একটি Text book.

### ➤ বইটি যেভাবে পড়বেন...

1. আপনার প্রথম ও প্রধান কাজ হলো, ধারাবাহিকভাবে এ বইটি শেষ করা। দু-চার দিনে বইটি শেষ করার মানসিকতা পরিহার করুন।
2. এ বইটি শেষ করতে নূন্যতম একটা সময় (কমপক্ষে ১ মাস) বরাদ্দ করুন। মনে রাখবেন, এটা শুধু পড়ার বই না বরং এটা একটা Practice Book.
3. একটি অধ্যায় ভালোভাবে আয়ত্ব না করে পরের অধ্যায়ে যাওয়া যাবে না। পরবর্তী Chapter সহজ না কঠিন এ বিষয়ে অগ্রিম চিন্তা করবেন না।
4. এ বইটি পড়ার পাশাপাশি Chapter-7 (Vocabulary) থেকে প্রতিদিন অল্পঅল্প করে শব্দার্থ মুখস্থ করে নিন।
5. এসএসসি অথবা জুনিয়র লেভেলের দুর্বল ছাত্র-ছাত্রীরা অবশ্যই একজন শিক্ষকের কাছে এ বইটি Private পড়বে।

Chapter 01

# Grammar for Freehand Writing

## Contents of Grammar


| Si. No. | Topics | Pages |
|---|---|---|
| 01 | Grammar (ব্যকরণ) | 14 |
| 02 | Parts of Speech | 14 |
| 03 | Sentence (বাক্য) | 20 |
| 04 | Person এবং Number | 22 |
| 05 | Case (subject & object) | 24 |
| 06. | Tense (সময়/কাল) | 29 |
| 07 | Articles (নাম নির্দেশক) | 35 |
| 08 | Capital Letters এর ব্যবহার | 40 |
| 09 | Punctuation (বিরাম চিহ্ন) | 41 |


**➤ বিশেষ নোট :**

আমরা জানি, ভাষা সৃষ্টি হয়েছে আগে এবং ব্যাকরণ বা Grammar তৈরি করা হয়েছে পরে। মূলত ভাষাকে সহজ ও শুদ্ধ করার জন্য Grammar তৈরি করা হয়েছে। তবে অপ্রয়োজনীয় ব্যাকরণ আলোচনা একটি ভাষাকে কঠিন করে দেয়। আমরা এখানে, ইংরেজি ভাষাকে সহজ ও শুদ্ধ করার জন্য শুধু Basic Grammar-টুকু আলোচনা করছি। তাই, Freehand Writing এর সাথে Related Grammar এর এ অংশটুকু বাদে আপনার জানা অপ্রয়োজনীয় Grammar আপাতত ভুলে যান।

## Grammar

Grammar মানে (means) ব্যাকরণ।

অর্থাৎ ভাষা শুদ্ধরূপে পড়া, লেখা ও বলার নিয়ম-কানুনকে Grammar বা ব্যাকরণ বলা হয়।

**In English :** The correct rules of reading, writing and speaking of a language is called grammar.

## Parts of Speech

Part মানে অংশ বা শব্দ (Word) এবং Speech মানে বক্তব্য বা বাক্য (Sentence)।

অর্থাৎ "বাক্যের প্রতিটি শব্দই এক একটি Parts of speech"।

যেমন : Rana eats rice (রানা ভাত খায়।)

মূলত উক্ত sentence এর প্রতিটি word-ই হল এক একটি Parts of speech.

**আমরা জানি,**

ইংরেজিতে Parts of speech আট প্রকার। যথা :

1. Noun→ বিশেষ্য বা নাম।
2. Pronoun→ সর্বনাম।
3. Adjective→ বিশেষণ।
4. Verb→ ক্রিয়া।
5. Adverb.
6. Preposition.
7. Conjunction.
8. Interjection.